







আপনার অধিকারসমূহ জানুন!

MICHIGANVOTING.ORG

গুরুত্বপূর্ণ তারিখ:
নভেম্বর 2022 সাধারণ নির্বাচন

- 
এখন: আপনার অ্যাবসেন্টি ব্যালটের জন্য অনলাইনে অনুরোধ জানান অথবা একটি কাগজের আবেদনপত্র জমা দিন
- 
29 সেপ্টেম্বর: আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে সশরীরে অ্যাবসেন্টি ভোটিং শুরু হবে
- 
24 অক্টোবর: অনলাইনে বা ডাকযোগে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার শেষ দিন (24 অক্টোবরের পরে, আপনাকে বাসস্থানের প্রমাণ সহ সশরীরে নিবন্ধন করতে হবে)
- 
25 অক্টোবর: ডাকযোগে আপনার ব্যালট পাঠানোর শেষ দিন (25 অক্টোবরের পরে, আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে অথবা আপনার ক্লার্কের সরবরাহ করা একটি নিরাপদ ড্রপবক্সে আপনার ব্যালট জমা দিন)
- 
7 নভেম্বর: আপনি যেখানে বসবাস করেন সেখানে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হলে, আপনি 7 নভেম্বর 4 p.m. এর মধ্যে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে গিয়ে সশরীরে অ্যাবসেন্টি ভোট দিতে পারেন (এর পরে, আপনাকে অবশ্যই নির্বাচনের দিন আপনার ভোটকেন্দ্রে গিয়ে ভোট দিতে হবে)
- 
8 নভেম্বর: নির্বাচনের দিন! স্থানীয় সময় 7 a.m. থেকে 8 p.m. পর্যন্ত ভোটগ্রহণ করা হয়; যদি আপনার নিবন্ধন করার প্রয়োজন হয়, তাহলে আপনি 8 p.m. পর্যন্ত আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে গিয়ে নিবন্ধন করতে এবং তারপর ভোট দিতে পারেন।

কোনো প্রশ্ন আছে? আরো তথ্য প্রয়োজন?

MichiganVoting.org ওয়েবসাইট দেখুন বা 888-API-VOTE নম্বরে ফোন করুন।